# উপজেলা পরিষদ

## বিশ্বনাথ, সিলেট

উপজেলা পরিষদের এপ্রিল ২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোঃ নুনু মিয়া, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
সভার স্থান ঃ বিআরডিবি হলরুম, বিশ্বনাথ, সিলেট
সভার তারিখ ঃ ২১-০৪-২০২২ খ্রি., বেলা ০২.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দের তালিকা ঃ পরিশিষ্ট 'ক'

বিশ্বনাথ উপজেলা পরিষদের অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার বিশ্বনাথ, সিলেট'কে অনুরোধ জানান।

আলোচ্য বিষয় অনুযায়ী/ বিভাগওয়ারী আলোচনা, সিদ্ধান্ত এবং বাস্তবায়ন নিম্নরূপ ঃ

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ | বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ ঃ বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উপস্থিত সদস্য ও কর্মকর্তাবৃন্দ জানান যে, মার্চ ২০২২ মাসের সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে, কোন আপত্তি/সংশোধন নেই। | কোন আপত্তি/সংশোধন না থাকায় বিগত মার্চ ২০২২ মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ |
| ০২ | সকল দপ্তরের সর্বশেষ সার্কুলার উপস্থাপন | বিভিন্ন দপ্তর কর্তৃক কোন সার্কুলার পাওয়া যায়নি। | ------- | সংশ্লিষ্ট সকল |
| ০৩ | উপজেলার স্থায়ী কমিটি সমূহের সুপারিশ | উপজেলার স্থায়ী কমিটি সমূহের কোন সুপারিশ পাওয়া যায় নি। | উপজেলার স্থায়ী কমিটি সমূহের সদস্য সচিবসহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত স্থায়ী কমিটির সভা আহবান করে সুপারিশ পরবর্তী মাসিক সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০৪ | সংসদ সদস্য মহোদয়ের উপদেশ | মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত না থাকায় কোন উপদেশ পাওয়া যায়নি। | ------- | ------- |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইতোমধ্যে ২৫ শতাংশ বোরো ধান কর্তন করা হয়েছে। মাঠে ব্যাপকভাবে কৃষিযন্ত্র ও শ্রমিকের মাধ্যমে বোরো ধান কর্তন চলমান রয়েছে। এপ্রিল ২০২২ মাসের মধ্যেই ৮০ শতাংশ ধান কর্তন করা সম্ভব হবে। উপজেলা পর্যায়ে এডিপি বরাদ্দ পাওয়া গেলে আগামী রবি মৌসুমে বীজ সরবরাহ ও পরামর্শ সেবার মাধ্যমে সবজি চাষ তুরান্বিত করা সম্ভব হবে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান এপ্রিল ২০২২ মাসে ০৩ টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। এতে ৩৪৯ টি গরু, ৯২টি ছাগলকে বিনামূল্যে তড়কা ও পিপিআর রোগের টিকা প্রদান করা হয়। বিলপাড় এবং ভাটপাড়া আশ্রয়ণ প্রকল্পে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে এবং বিনামূল্যে টিকা বীজ প্রদান করা হয়েছে। জাইকা প্রকল্পের অধীনে ৯০ জন খামারীকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৭ | উপজেলা পরিবার কল্পনা বিভাগ | উপজেলা পরিবার কল্পনা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান মার্চ/২০২২ ইং মাসে সিএআর ৭৫ঃ২৮%, স্থায়ী পদ্ধতি ১৪ জন, ইমপ্ল্যান্ট ৫১ জন, আই, ইউ, ডি ০৮ জন, গর্ভবতী সেবা ৬০২ জন, প্রসব ১৭০ জন এবং শিশু ২৪৮২ জনকে সেবা প্রদান করা হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা পরিবার কল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস পুরাতন কোর্ট ভবন থেকে বর্তমানে স্থানান্তরিত হয়ে পূর্বের শিক্ষা অফিসের ০২টি কক্ষে কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কক্ষ ০২টি পুরাতন উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনের নিচ তলায় অবস্থিত। কক্ষের দরজা, জানালা মেরামত এবং দেয়াল রং করা ও ওয়াশরুমের পানি সরবরাহ নিশ্চিত করা না হলে, দাপ্তরিক কার্যক্রমে সুষ্ঠুভাবে পরিচালনা করা অসম্ভব হয়ে পড়বে। কক্ষগুলো মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অনুরোধ জানানো হলো। | ০১। দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের বর্তমান অফিস বিধি মোতাবেক কক্ষ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১০ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিম্নেবর্ণিত আলোচনা সভায় উপস্থাপন করেন।<br>১। ১৫.০৭.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা উন্নয়ন সহায়তা কর্মসূচী ২০২১-২০২২এর কার্য বিবরনীর ক্রমিক নং-৭৪ ও ১১৭ এবং ২৩.০৯.২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভারকার্য বিবরণীর ক্রমিক নং-১৪৪ ও ১৪৫ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রকল্পদ্বয় সংশোধন। ৭৪নং ক্রমিকের পরিবর্তে উপজেলা পরিষদে সাউন্ড সিস্টেম ক্রয় প্রকল্প কমিটির মাধ্যমে ও ১১৭নং প্রকল্পের পরিবর্তে মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধের প্রস্তাবিত নীচু জায়গায় বালু ফিলিং কাজ ১১৭নং ক্রমিকের বাস্তবায়নের ধরণ অনুযায়ী বাস্তবায়ন করা প্রয়োজন।<br>২। জাইকা প্রকল্পের আওতায় নিম্নলিখিত কাজগুলি সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠান বাস্তবায়ন করিয়া বিল দাখিল করিয়াছেন। (১) টেন্ডার আইডি নং- ৫৯৭৪২০ প্যাকেজ নং- আইএনএফ ২০১৯-২০-৬০৯১২০-১ Establishment of Central Oxygen Supply system at BiswanathUpazila Health Complex under Biswanath, Sylhet দাখিলকৃত বিল ৯,৩৯,৫০০.০০ টাকা (২) টেন্ডার আইডি নং-৫৯৭৪২৪ প্যাকেজ নং-আইএনএফ-২০১৯-২০-৬০৯১২০-২ Bench Supply in different Primary School and Secondary Schools of BiswanathUpazila, District:Sylhet দাখিলকৃত বিল ২৬,৩৪,৩৩৬.০০ টাকা। | ১। বিস্তারিত আলোচনান্তে সংশোধিত প্রকল্প বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদিত হইল।<br>২। জাইকা প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাজের বিল বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো এবং বিল পরিশোধের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। এলজিইডি'র অন্যান্য চলমান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, বিশ্বনাথ |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১২ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম আরো জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ |
| ১৩ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ইতোমধ্যে সকল ভাতার ৩য় কিস্তির পে-রুল পাঠানো হয়েছে। সকল ভাতা সুষ্ঠভাবে বিতরণ এবং গতিশীল রাখতে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বনাথ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান ২য় পর্যায়ে কাবিখা/সাধারণ উপ বরাদ্দ ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যবধি পর্যন্ত কোন তালিকা অত্র অফিসে আসেনি। ৩য় পর্যায়ে টিআর বরাদ্দ আসছে যা উপ বরাদ্দ ইউনিয়নে প্রেরণ করা হবে। ২৬-০৪-২০২২ খ্রি. তারিখে আশ্রয়ণ-২ প্রকল্পের ৩য় পর্যায়ের ঘর প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম জোরদার করণের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিশ্বনাথ |
| ১৬ | আয়-ব্যয় হিসাব | ০১। উপজেলা পরিষদের চেয়ারম্যান এর কার্যালয়ে আনুষঙ্গিক দ্রবাদি ক্রয় বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা খরচ হয়েছে।<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ কর্তৃক ডিসেম্বর-২০২০, জানুয়ারি-২০২১ ও ফেব্রুয়ারি-২০২১ মোট ০৩ (তিন) মাসের ভ্রমণ ভাতা বাবদ ১৬,৮৪৭/- (ষোল হাজার আটশত সাতচল্লিশ) টাকার বিল উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। | ০১। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধিত/ দাখিলকৃত উক্ত বিলগুলি অদ্যকার সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>০২। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ কর্তৃক দাখিলকৃত উক্ত বিধি মোতাবেক পরিশোধের জন্য সভায় অনুমোদন করা হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ |
| ১৭ | বিবিধ | সভাপতি সভাকে অবহিত করেন যে, উপজেলা পরিষদ অডিটোরিয়ামে বিভিন্ন সংগঠন/সংস্থা কর্তৃক সভা/সেমিনার আয়োজনের জন্য আবেদন করে থাকেন। উক্ত অডিটোরিয়ামের পরিচ্ছন্নতা/আনুষঙ্গিক কাজের জন্য সভা/সেমিনার আয়োজনের ভাড়া নির্ধারণ করা প্রয়োজন। | বিশ্বনাথ উপজেলা পরিষদ অডিটোরিয়ামে সংগঠন/সংস্থা কর্তৃক সভা/সেমিনার আয়োজনের ভাড়া হিসেবে ২,০০০/- (দুই হাজার) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ০১। চেয়ারম্যান উপজেলা পরিষদ, বিশ্বনাথ<br>০২। উপজেলা নির্বাহী অফিসার, বিশ্বনাথ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

21/04/2022

(মোঃ নুনু মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বিশ্বনাথ, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়
বিশ্বনাথ, সিলেট

স্মারক নম্বর : ০৫.৪৬.৯১২০.০০২.০৩.০০১.২২.

তারিখ : ২১-০৪-২০২২ খ্রি.

অনুলিপি : সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো

০১. মাননীয় সংসদ সদস্য, সিলেট-২
০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
০৪. পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট
০৫. জেলা প্রশাসক, সিলেট
০৬. উপ পরিচালক, স্থানীয় সরকার শাখা, সিলেট
০৭. নির্বাহী প্রকৌশলী, এল.জি.ই.ডি, সিলেট
০৮. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
০৯. জনাব ..........................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১০. উপজেলা...............................................................................কর্মকর্তা, বিশ্বনাথ, সিলেট
১১. চেয়ারম্যান, লামাকাজী/খাজাঞ্চী/অলংকারী/রামপাশা/দৌলতপুর/বিশ্বনাথ/দেওকলস/দশঘর ইউনিয়ন পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১২-১৪। জনাব ..................................,............. সংরক্ষিত আসনের মহিলা সদস্য, উপজেলা পরিষদ, বিশ্বনাথ, সিলেট
১৫। অফিস নথি

21.04.22

উপজেলা নির্বাহী অফিসার
বিশ্বনাথ, সিলেট
☏০৮২২৪-৫৬০৬৯

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ০১ | জনাব মোছাঃ জুলিয়া বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, বিশ্বনাথ |
| ০২ | জনাব মোঃ হয়ফুল হক, চেয়ারম্যান, ০৬নং বিশ্বনাথ ইউ.পি, বিশ্বনাথ |
| ০৩ | জনাব মোঃ কবির হোসেন ধলা মিয়া, চেয়ারম্যান, ০১নং লামাকাজি ইউ.পি, বিশ্বনাথ |
| ০৪ | জনাব মোহাম্মদ আমির আলী, চেয়ারম্যান, ০৫নং দৌলতপুর ইউ.পি, বিশ্বনাথ |
| ০৫ | জনাব বদরুন নাহার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৬ | জনাব আরশ আলী, চেয়ারম্যান, ০২নং খাজাঞ্চী ইউ. পি, বিশ্বনাথ |
| ০৭ | জনাব মোঃ আবু সাঈদ, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বিশ্বনাথ |
| ০৮ | জনাব ডাঃ মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিশ্বনাথ |
| ০৯ | জনাব কনক চন্দ্র রায়, উপজেলা কৃষি কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১০ | জনাব বিধান রায়, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১১ | জনাব মিলন কান্তি রায়, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১২ | জনাব কৃষ্ণা রানী তালুকদার, উপজেলা সমবায় কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৩ | জনাব মোঃ শাহেদ আহমেদ আব্বাসী, উপজেলা সমাজসেবা অফিস |
| ১৪ | জনাব খায়রুল আমিন আজাদ, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), ০৭ নং দেওকলস ইউ. পি, বিশ্বনাথ |
| ১৫ | জনাব সমীর কান্তি দেব, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৬ | জনাব মোহাম্মদ আলমগীর, চেয়ারম্যান, ০৪ নং রামপাশা ইউ. পি, বিশ্বনাথ |
| ১৭ | জনাব জনাব মোঃ মাহবুব আলম সরকার, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৮ | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা শিক্ষা কর্মকর্তা, বিশ্বনাথ |
| ১৯ | জনাব নাজমুল ইসলাম রুহেল, চেয়ারম্যান, ০৩নং অলংকারী ইউ. পি, বিশ্বাথ |
| ২০ | জনাব এমাদ উদ্দিন খান, চেয়ারম্যান, ০৮নং দশঘর ইউ.পি, বিশ্বনাথ |
| ২১ | জনাব সঞ্জিত চন্দ্র সরকার, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বিশ্বনাথ |

উপজেলা পরিষদ এপ্রিল-২০২২ ইং মাসের সাধারণ সভার উপস্থিতি
সভাপতি:- জনাব, মো: নুনু মিয়া, চেয়ারম্যান উপজেলা পরিষদ বিশ্বনাথ
তাং-২৭/০৪/২০২২ ইং সময়:- বেলা-২:০০ ঘটিকা,

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোছা. জুলিয়া বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান | [signature] |
| ০২ | মো: [illegible] | চেয়ারম্যান | [signature] |
| ০৩ | মো: [illegible] খান | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ০৪ | মোহাম্মদ [illegible] | " [illegible] | [signature] |
| ০৫ | মাহমুদা নাহার | UWAO. | [signature] |
| ০৬ | [illegible] | চেয়ারম্যান | [signature] |
| ০৭ | মো: আবু সাঈদ | উপজেলা প্রকৌশলী | [signature] |
| ০৮ | ডা. মোহাম্মদ আব্দুল শাহিদ হোসেন | ULO | [signature] |
| ০৯ | [illegible] চন্দ্র রায় | UAO | [signature] |
| ১০ | [illegible] | UFPO | [signature] |
| ১১ | [illegible] কান্তি দাস | PIO | [signature] |
| ১২ | [illegible] রানী তালুকদার | UEO | [signature] |
| ১৩ | [illegible] | সহকারী | [signature] |
| ১৪ | মো: শাহিদ আহমেদ [illegible] | U.SK সমাজসেবা অফিস | [signature] |
| ১৫ | মো: [illegible] আমিন আজাদ | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ১৬ | সমীর কান্তি দেব | USEO | [signature] |
| ১৭ | [illegible] মোহাম্মদ আলমগীর | চেয়ারম্যান ০৪ নং [illegible] | [signature] |
| ১৮ | মো: মাহবুব আলম সরকার | UYDO বিশ্বনাথ | [signature] |
| ১৯ | মো: আব্দুর রাজ্জাক | UEO, বিশ্বনাথ | [signature] |
| ২০ | [illegible] ইসলাম [illegible] | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ২১ | [illegible] | চেয়ারম্যান [illegible] | [signature] |
| ২২ | সঞ্জিত চন্দ্র সরকার | SAE, DPHE | [signature] |